একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।
E-mail : useodinajpur@gmail.com

নির্বাচনী তফসিল

উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর মহোদয়ের কার্যালয় কর্তৃক জারীকৃত পত্র যার স্মারক নং-০৫.৫৫.২৭৬৪.০০১.৩১.০১৩.২৩-১৮৩৭, তারিখ-১৪/১১/২০২৩ খ্রি. মূলে মুরাদপুর মাধ্যমিক বিদ্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর এর ম্যানেজিং কমিটি গঠনের নির্বাচন সম্পন্ন করার জন্য নিম্নস্বাক্ষরকারীকে প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হয়। উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সকল ক্যাটাগরি/প্রতিনিধির সদস্য পদে নির্বাচনের লক্ষ্যে উক্ত ক্ষমতাবলে আমি নিম্নে উল্লিখিত নির্বাচনী তফসিল ঘোষণা করলাম।

ক্র. নং	বিবরণ	তারিখ ও সময়	স্থান
১	মনোনয়নপত্র গ্রহণ ও জমা	২৬/১১/২০২৩, ২৭/১১/২০২৩ ও ২৮/১১/২০২৩ সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত	শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কার্যালয়
২	মনোনয়নপত্র বাছাই-প্রার্থী/ তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি থাকেন)	২৯/১১/২০২৩ বেলা ১১.০০ ঘটিকা	প্রিজাইডিং অফিসারের কার্যালয়
৩	মনোনয়নপত্র প্রত্যাহার	০৩/১২/২০২৩ বেলা ২.০০ ঘটিকা	প্রিজাইডিং অফিসারের কার্যালয়
৪	চূড়ান্ত প্রার্থীর তালিকা	০৫/১২/২০২৩ বেলা ২.০০ ঘটিকা	প্রিজাইডিং অফিসারের কার্যালয়
৫	নির্বাচন	২০/১২/২০২৩ সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত বিরতিহীন	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের কার্যালয় যোগাযোগ করে মনোনয়নপত্র গ্রহণ ও সঠিকভাবে পূরণ পূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে দাখিলের জন্য আগ্রহী প্রার্থীগণকে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ মনোনয়নপত্র গ্রহণের সময় জাতীয় পরিচয়পত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

নির্মল কুমার রায়
উপজেলা একাডেমিক সুপার ভাইজার
ও প্রিজাইডিং অফিসার
মুরাদপুর মাধ্যমিক বিদ্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর

তারিখ ঃ ২০/১১/২০২৩ খ্রি.।

স্মারক নং ঃ উমাশিঅ/দিনাজ/সদর/নির্বাচন-২০২৩/৪৭৪
অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
দৃষ্টি আকর্ষণ ঃ বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, দিনাজপুর সদর, দিনাজপুর (তাঁকে ঘোষিত নির্বাচনী তফসিল মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৪। প্রধান শিক্ষক, মুরাদপুর মাধ্যমিক বিদ্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর (তাঁকে ঘোষিত নির্বাচনী তফসিল মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ উক্ত নির্বাচনী তফসিলটি বহুল প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

উপজেলা একাডেমিক সুপার ভাইজার
ও প্রিজাইডিং অফিসার
মুরাদপুর মাধ্যমিক বিদ্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।